

# FAIR WATER?



THE INEQUALITY  
BELOW THE SURFACE

বাংলাদেশ জাতীয় জাদুঘর  
১৮ ই মে - ৪ঠা জুন ২০২৫

National Museum of Bangladesh  
18 May to 4 June 2025





## Contents

আমাদের জলজ জীবন	4	এটি পান করার জন্য নিরাপদ কি না?	23
শুধুই কি পানি?	5	পরিচ্ছন্নতার ব্যবস্থাপনা	24
বাংলাদেশে REACH প্রোগ্রাম	6	পানি সেবা পেশাজীবী	25
গবেষণাকে পরিবর্তনের হাতিয়ার হিসেবে ব্যবহার	7	তথ্য ভিত্তিক সিদ্ধান্ত	28
পানি নিরাপত্তা	8	দূষণের পাতলা স্যুপ	30
বিপদের স্রোতে	9	মরণঘাতী মিশ্রণ	31
পানির চাপ	10	দূষক ও সংক্রামক পদার্থ পানির ওপর কীভাবে প্রভাব ফেলে?	32
পানির লটারি—কে কোথায়	11	মানচিত্রে পানির মান	33
উপরে পানি, নিচেও পানি	12	দূষিত নদী কে ব্যবহার করে?	35
তলানিতে পৌঁছানোর প্রবণতা	13	মানসম্মত স্বাস্থ্যসেবার জন্য মানসম্মত পানি পরিষেবা প্রয়োজন	36
উপকূলীয় অঞ্চলের পানির নিরাপত্তা	16	সমুদ্রসম পরিবর্তন	37
বিশুদ্ধ পানি খুঁজে পাওয়া	17	ঝড় আসছে	38
নদীগুলোতে পলি জমে কেন?	18	সম্ভাব্য ভবিষ্যৎ পূর্বাভাস	39
পানির নিরাপত্তা বজায় রাখা	19	‘হালকা বৃষ্টি এবং মৃদু বাতাস’	40
আপনি আজ কোথা থেকে পানি সংগ্রহ করেছেন?	20	পরিবর্তন সংক্রান্ত যোগাযোগ	41
নারীর কাঁধে পানির ভার	21	স্বীকৃতি	42
শুধুমাত্র বাড়িতেই পানি নয়	22		



আপনার শরীরের ৫০ থেকে ৬০ শতাংশই পানি। কোষকে পুষ্টি জোগানো, অক্সিজেন পরিবহন এবং শরীর থেকে বিষাক্ত উপাদান বের করে দেওয়ার জন্য পানি অত্যাবশ্যক। কঙ্কাল এই পানি ব্যবহার করে আঘাতের অভিঘাত কমায় এবং সন্ধিগুলোর চলাচল নিশ্চিত করে। ঘাম, রক্ত, মাতৃদুগ্ধ—সবকিছুতেই পানির উপস্থিতি অনিবার্য। মানুষ থেকে শুরু করে ব্যাকটেরিয়া, তৃণভূমি থেকে মহানগর—পৃথিবীর প্রতিটি জীবনের মূলভিত্তি গঠনে পানি অপরিহার্য।

## আমাদের জলজ জীবন

আমরা জলজ জীব। বেঁচে থাকার জন্য আমাদের শরীরের প্রতিদিন পানির প্রয়োজন হয়। খাদ্য এবং জীবিকার ক্ষেত্রেও আমরা পানির ওপর নির্ভরশীল। এই পানি আমাদের পায়ের নিচে প্রবাহিত হয়, আমাদের চারপাশের ভূমিতে গড়িয়ে পড়ে এবং বায়ুমণ্ডলেও ভেজাভাব ছড়িয়ে রাখে।

কিন্তু সব পানি এক নয়। বিশ্বব্যাপী, প্রায় অর্ধেক মানুষই নিরাপদ খাবার পানি থেকে বঞ্চিত। এবং ১.২ বিলিয়ন মানুষ প্রতিদিনই বন্যা, খরা ও ঝড়ের মতো পানিজনিত ঝুঁকির মুখোমুখি হন।

একটি বালতিতে ফেলা পানির ফোঁটার মতো, সরকারের নীতিনির্ধারণ, শিল্প খাত, বেসরকারি সংস্থা ও স্থানীয় জনগোষ্ঠীর প্রতিদিনের সিদ্ধান্ত আমাদের জলজ জীবনের দিকনির্দেশ করে—কিভাবে আমরা এই পানির সঙ্গে বাঁচি, কিংবা মারা যাই।

## Our water world

We are beings of water. Our bodies need it to live. We depend on it for food and livelihoods. Water runs beneath our feet, streams and pools over the land around us, and saturates the atmosphere.

But not all water is equal. Globally, almost half of us don't have access to clean drinking water, and 1.2 billion people face daily risks from water-related hazards like floods, droughts and storms.

Like ripples spreading from a drop in a bucket, the decisions made every day by governments, industry, NGOs and communities determines how we live, and die, by water.



পানির নিয়ন্ত্রণ জীবন ও মৃত্যুর প্রশ্ন হতে পারে। আপনি কোথায় বাস করছেন, তার ওপর নির্ভর করে পানির মালিকানা দাবি করতে পারে সরকার, জমির মালিক কিংবা স্থানীয় জনগোষ্ঠী। তবে যেই এই পানির দাবি করুক না কেন, প্রতিটি স্তরে নেওয়া পানি ব্যবস্থাপনার সিদ্ধান্ত মানুষের এই অপরিহার্য সম্পদে প্রবেশাধিকারে সহায়কও হতে পারে, আবার তা ব্যাহত করতেও পারে।

## শুধুই কি পানি?

পানির প্রাপ্যতা তখনই ন্যায্য বলা যায়, যখন সকলের জন্য প্রয়োজনীয় ও নিরাপদ পানির নিশ্চয়তা থাকে, স্থানীয় জনগোষ্ঠী তাদের নিজস্ব পানির ব্যবস্থাপনায় মতামত প্রদান করতে পারে, এবং মানুষের পানি ব্যবহার প্রকৃতিকে ক্ষতিগ্রস্ত না করে।

পানি-সংশ্লিষ্ট ন্যায্যতা এমন এক সামাজিক ও রাজনৈতিক সমাধান খোঁজে, যা মানুষের পানি প্রাপ্যতাকে নিশ্চিত করে। এই সমাধানগুলো স্থানীয় সংস্কৃতি দ্বারা প্রভাবিত হয় এবং প্রান্তিক ও ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীসহ পরিবেশ ও জীববৈচিত্র্যের চাহিদাকেও সমানভাবে গুরুত্ব দেয়।

## Just water?

Water access is fair when everyone has enough safe water for their needs, when communities and groups have a say in the management of their own water, and when human water use doesn't harm ecosystems.

Water justice finds social and political solutions to improve people's access to water. Fair solutions are inspired by local culture and consider marginalised and vulnerable groups in the community, as well as the needs of ecosystems.

## বাংলাদেশে REACH প্রোগ্রাম

বাংলাদেশে REACH প্রোগ্রাম দেশীয় ও আন্তর্জাতিক গবেষক, বাংলাদেশ সরকার, বিভিন্ন সংস্থা ও বেসরকারি প্রতিষ্ঠানের মধ্যে একটি অংশীদারিত্বমূলক উদ্যোগ। এতে অংশগ্রহণকারী সংস্থাগুলোর মধ্যে রয়েছে:

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (BUET)

ঢাকা বিশ্ববিদ্যালয়

ইন্টারন্যাশনাল সেন্টার ফর ডাইরিয়াল ডিজিজ রিসার্চ, বাংলাদেশ

HYSAWA

UNICEF

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

শিক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

স্থানীয় সরকার বিভাগ

পলিসি সাপোর্ট অধিশাখা

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

পরিবেশ অধিদপ্তর

জেলা প্রশাসক, খুলনা

পরিকল্পনা কমিশন, সাধারণ অর্থনীতি বিভাগ

পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো)

## The REACH programme in Bangladesh

The REACH programme in Bangladesh has been a partnership between researchers, in Bangladesh and internationally, the Government of Bangladesh and other agencies and non-governmental organisations. These include:

- Bangladesh University of Engineering and Technology, BUET
- Dhaka University
- International Centre for Diarrhoeal Disease Research, Bangladesh (icddr,b)
- HYSAWA
- UNICEF
- Ministry of Local Government, Rural Development and Co-operatives
- Ministry of Health and Family Welfare
- Ministry of Primary and Mass Education
- Ministry of Education
- Bangladesh Water Development Board
- Local Government Division
- Policy Support Branch
- Department of Public Health Engineering
- Department of Environment
- Deputy Commissioner, Khulna District
- Planning Commission, General Economics Division
- WARPO (Water Resources Planning Organisation)



REACH ছিল একটি বৈশ্বিক গবেষণা প্রকল্প (জানুয়ারি ২০১৫ - মার্চ ২০২৫), যা অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের নেতৃত্বে পরিচালিত হয় এবং আফ্রিকা ও এশিয়ার এক কোটি মানুষের পানি নিরাপত্তা উন্নয়নে অবদান রাখে। বাংলাদেশে রিচ প্রকল্পের অংশীদার ছিল বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ইন্টারন্যাশনাল সেন্টার ফর ডাইরিয়াল ডিজিজ রিসার্চ, বাংলাদেশ (আইসিডিডিআর,বি)।

‘ন্যায্য পানি?’ (‘The Fair Water?’) প্রদর্শনীটি তৈরি হয় রিচ পানি নিরাপত্তা গবেষণা প্রকল্প ও অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের ন্যাচারাল হিস্ট্রি জাদুঘরের যৌথ উদ্যোগে। এটি প্রথম উদ্বোধন হয় যুক্তরাজ্যের অক্সফোর্ডে ২০২৩-২৪ সালে এবং বর্তমানে এটি এশিয়া ও আফ্রিকার বিভিন্ন গ্যালারিতে প্রদর্শিত হচ্ছে।

## গবেষণাকে পরিবর্তনের হাতিয়ার হিসেবে ব্যবহার

ইতিবাচক পরিবর্তনের জন্য প্রয়োজন সুনির্দিষ্ট ও তথ্যভিত্তিক পদক্ষেপ। বৈশ্বিক গবেষণা নেটওয়ার্ক দীর্ঘদিন ধরে জ্ঞান বিনিময় এবং ধারণা পরীক্ষার মাধ্যমে একসাথে কাজ করে আসছে। পানি নিরাপত্তা নিশ্চিতকরণ এবং ব্যক্তি ও সমাজিক পর্যায়ে প্রতিবন্ধকতা শনাক্ত করা সহজ কাজ নয়।

তবে বৈশ্বিক গবেষণা সম্প্রদায়ের হাতে রয়েছে প্রয়োজনীয় উপকরণ। তারা পানির ব্যবহার ও জলবায়ুর পরিবর্তনশীলতার ধরণ বোঝার ক্ষেত্রে আমাদের জ্ঞান উন্নত করছে, পানির প্রাপ্যতা নিশ্চিতকরণের ন্যায্য সমাধান পরীক্ষা করছে এবং সীমিত সম্পদসম্পন্ন অঞ্চলের গবেষকদের জন্য গবেষণা সরঞ্জাম ও প্রশিক্ষণ ভাগ করে নিচ্ছে।

এই গবেষণা কার্যক্রম পরিচালিত হচ্ছে সিদ্ধান্ত গ্রহণকারীদের পরামর্শক্রমে। স্থানীয় জনগোষ্ঠী থেকে শুরু করে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে নীতিনির্ধারক—সবারই প্রয়োজন সঠিক সিদ্ধান্ত নেওয়ার আগে নিজেদের সামনে থাকা বিকল্পগুলো সম্পর্কে পরিষ্কার ধারণা।


## Using research to create change

Positive change needs informed actions. The global research network has always shared knowledge and collaborated to test ideas. Understanding how to improve water security, and the barriers that exist at an individual and community level is no mean feat.

But the global research community has the tools to do it: they are improving our understanding of patterns in water use and climate variability, testing out fair water solutions that improve water access, and sharing research tools and training with researchers in resource-poor locations.

Researchers are doing this in consultation with decision makers. From local communities to national and international policy-makers, people need to understand what choices they have when they make decisions.





প্রতিটি মানুষ ও এলাকা ভিন্ন, এবং পানি নিরাপত্তা নির্ভর করে বহু ধরনের উপাদানের সম্মিলিত প্রভাবের ওপর। অনেক সময় এই উপাদানগুলোর মিশ্রণ ভয়াবহ নেতিবাচক প্রভাব সৃষ্টি করতে পারে। উদাহরণস্বরূপ, যেসব এলাকায় দারিদ্র্য, প্রাপ্তিক অবস্থান এবং প্রয়োজনীয় সামাজিক সেবা-সুবিধার ঘাটতি রয়েছে, সেখানে পানি-সংশ্লিষ্ট ঝুঁকি সহজেই দুর্যোগে পরিণত হওয়ার সম্ভাবনা থাকে।

## পানি নিরাপত্তা


একজন পানি-নিরাপদ ব্যক্তি তার পানির জন্য দুশ্চিন্তায় ভোগেন না। তারা একটি নির্ভরযোগ্য উৎস থেকে প্রয়োজন অনুযায়ী নিরাপদ ও পরিমাণগতভাবে যথেষ্ট পানি পান—পান করার জন্য, পরিষ্কার-পরিচ্ছন্নতার জন্য, শাকসবজি চাষ কিংবা জীবিকা নির্বাহের জন্য। পানি নিরাপত্তায় থাকা ব্যক্তিদের পানি-সংশ্লিষ্ট প্রাকৃতিক দুর্যোগ যেমন বন্যা বা খরার ঝুঁকিও কম থাকে।

বিভিন্ন স্থানের বৃষ্টিপাত, ভূতাত্ত্বিক গঠন ও অন্যান্য প্রাকৃতিক বৈশিষ্ট্য ভিন্ন হওয়ায় পরিবেশে পানির পরিমাণ ও দুর্যোগের আশঙ্কাও একরকম হয় না। তবে সেই স্থানের পানি ও ভূমির ব্যবস্থাপনাই ঠিক করে দেয়—সেখানে বসবাসরত মানুষদের জন্য পানি নিরাপত্তা নিশ্চিত হবে, নাকি তা ভেঙে পড়বে।

## Water security

A water secure person does not worry about their water. They have enough clean water from a reliable source to meet their needs – from drinking and washing, to growing vegetables and earning a living. Water secure people are also at low risk of water-related natural hazards like floods and droughts.

As rainfall, geology, and other natural features vary from place to place, so too do the amount of water in the environment and the chance of natural hazards. But it is our management of the water and the landscape that holds the power to create, or destroy, water security for the people living there.



গত ১৭০ বছরে বৈশ্বিক গড় তাপমাত্রা ১ ডিগ্রি সেলসিয়াসের বেশি বেড়েছে। এই পরিবর্তন সামান্য মনে হলেও, এটি পৃথিবীর জলবায়ু ব্যবস্থায় নাটকীয় রূপান্তর এনেছে। অতিরিক্ত তাপ পানি বাষ্পীভূত করে মেঘ তৈরি করে—ফলে কিছু এলাকায় ভূমি শুষ্ক হয়ে পড়ে, আবার কোথাও ঝড়বৃষ্টি বাড়ে।

উষ্ণ আবহাওয়ার কারণে বিষুবীয় অঞ্চল প্রসারিত হচ্ছে এবং আবহাওয়া ব্যবস্থা ধীরে ধীরে মেরুর দিকে সরে যাচ্ছে, যা বিভিন্ন অঞ্চলের জলবায়ুকে ব্যাহত করছে।

এই মানচিত্রে বৈশ্বিক জলবায়ু পূর্বাভাস ব্যবহার করে দেখানো হয়েছে, যদি এই শতাব্দীর শেষ নাগাদ তাপমাত্রা শিল্প পূর্ববর্তী সময়ের তুলনায় ৪ ডিগ্রি সেলসিয়াস বেড়ে যায়, তাহলে বিভিন্ন অঞ্চলে চরম তাপদাহ, নদীপ্লাবন, দাবানল, খরা এবং খাদ্য নিরাপত্তাহীনতার মতো সমস্যাগুলো কতটা তীব্রভাবে দেখা দিতে পারে।

© ব্রিটিশ ক্রাউন কপিরাইট ২০২৪, মেট অফিস

## বিপদের স্রোতে

নির্ভরযোগ্য পানির উৎসই জীবনের ধারক। পৃথিবীর অন্যান্য জীবের মতো মানুষও পরিবেশে বিদ্যমান পানির সঙ্গে খাপ খাইয়ে নিয়েছে। আমরা সেখানে বসবাস করি যেখানে স্বাভাবিকভাবে পানি পাওয়া যায়, অথবা যেখানে পানি নেই, সেখানে পানি স্থানান্তর করি প্রচুর অর্থ ও শক্তি ব্যয় করে। কোনো অঞ্চলে মৌসুমি বন্যা বা খরার প্রকোপ থাকলে মানুষ হয়তো ঘরবসতি স্থানান্তর করে অথবা উদ্ভাবনী উপায়ে ঝুঁকির সঙ্গে বসবাসের পথ খোঁজে।

কিন্তু আমাদের পৃথিবী ক্রমেই উষ্ণ হয়ে উঠছে এবং সেই সঙ্গে বদলে যাচ্ছে প্রাকৃতিক জলচক্র। অতিরিক্ত তাপ জলচক্রকে তীব্রতর করছে এবং হাজার বছর ধরে স্থিতিশীল থাকা আবহাওয়ার ধরণকেও পাল্টে দিচ্ছে। কঠিন, তরল ও বাষ্পীয় অবস্থার পানির ভারসাম্য ভেঙে যাচ্ছে অপ্রত্যাশিতভাবে—ফলে সৃষ্টি হচ্ছে প্রবল ঝড়, প্রাকৃতিক দুর্যোগ এবং পানিশূন্যতায় ফেটে যাচ্ছে মাটি।


## In hot water

Reliable water sources sustain life. Humans, like all forms of life on Earth, have adapted to use the water available. We live where it naturally occurs, or spend money and energy to divert water to where it doesn't. Humans can be nomadic where seasons bring floods or water shortages, or we innovate to live alongside the hazard.


But our world is warming, and the water cycle is changing. The extra heat is supercharging the water cycle and altering weather patterns unchanged for thousands of years. The balance of solid, liquid and gaseous H<sub>2</sub>O is changing in unpredictable ways; feeding storms, bringing natural disasters, and leaving our soil out to dry.

## Renewable freshwater resources per capita, 1962


Renewable internal freshwater resources flows refer to internal renewable resources (internal river flows and groundwater from rainfall) in the country.



## Renewable freshwater resources per capita, 1987



## Renewable freshwater resources per capita, 2018



## পানির চাপ

প্রতিদিনই গড়ে একজন মানুষের জন্য পানির পরিমাণ কমে যাচ্ছে—গত বছর, গত মাস, এমনকি গতকালের তুলনায়ও আজ আমাদের পানির প্রাপ্যতা কম। বৈশ্বিক জনসংখ্যা এখনও বাড়ছে, আর সেই সঙ্গে বেড়েছে পানির চাহিদা—পান করার জন্য, খাদ্য উৎপাদনের জন্য, পরিষ্কার-পরিচ্ছন্নতার জন্য, গৃহনির্মাণ এবং শিল্পকার্য পরিচালনার জন্য।

সম্প্রতিক ইতিহাসে জনসংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গে ব্যক্তিপ্রতি পানির প্রাপ্যতাও হ্রাস পেয়েছে। এই তিনটি মানচিত্রে ১৯৬২ থেকে ২০১৮ সাল পর্যন্ত বিভিন্ন দেশে পানির পরিস্থিতির তুলনামূলক চিত্র তুলে ধরা হয়েছে, যেখানে পৃষ্ঠজল ও ভূগর্ভস্থ উভয় পানির হিসাব অন্তর্ভুক্ত রয়েছে।

মানচিত্রের ভিত্তি: OurWorldInData, FAO তথ্য অনুযায়ী।

## Water pressure

We each have less water on average than we did last year, last month, or even yesterday. The global population is still growing: we need more water to drink, grow food, wash, build, and make things.

The amount of water available to each person has been decreasing in recent history, as populations rise. These three maps show how countries compare from 1962 to 2018, and include both surface water and groundwater.

Maps based on OurWorldInData, using FAO data





## পানির লটারি—কে কোথায়

আপনি শহরে থাকেন নাকি গ্রামে, আপনি ধনী নাকি দরিদ্র—আপনার পানি নিরাপত্তা অনেকটাই নির্ভর করে আপনার পরিচয় ও অবস্থানের ওপর।

সরকারি অবকাঠামো উন্নয়নমূলক প্রকল্পগুলো সাধারণত শহরকেন্দ্রিক হলেও, নিয়মিত রক্ষণাবেক্ষণের অভাবে সেগুলো অনেক সময় শহরের বাসিন্দাদের জন্যও যথেষ্ট নিরাপদ পানি সরবরাহে ব্যর্থ হয়। শহরের প্রান্তবর্তী অঞ্চলগুলোতে দ্রুত জনসংখ্যা বৃদ্ধি পাচ্ছে, আর সেই সঙ্গে বাড়ছে পানির চাহিদাও।

অন্যদিকে, গ্রামাঞ্চলের মানুষদের অনেক সময় নিজেদেরই টিকে থাকার পথ খুঁজতে হয়। তাদের হয়তো তুলনামূলকভাবে পরিচ্ছন্ন নদী, হ্রদ বা পুকুরের পানি ব্যবহারের সুযোগ থাকে, এবং পানি সংরক্ষণের কিছু কৌশল কাজে লাগিয়ে তারা ন্যূনতম প্রয়োজন মেটাতে সক্ষম হয়। কিন্তু এতে করে তাদের টিকে থাকাটা সম্ভব হলেও, উন্নয়ন বা সমাজ গঠনের জন্য প্রয়োজনীয় সহায়তা খুব কমই থাকে।

## The water postcode lottery

Urban or rural, wealthy or poor. Who you are and where you live dictate your water security.

Government schemes to improve infrastructure often focus on urban areas, but without constant maintenance, infrastructure can fall short of providing enough clean water for urban communities. Communities on the urban fringe are often growing fastest, and have high water needs.

People in rural areas are often left to their own devices. They might have access to relatively clean rivers, lakes and ponds which, along with water conservation techniques, provides them with just enough water to survive but little capacity to grow or improve their community.



## উপরে পানি, নিচেও পানি

মানুষ পরিস্থিতি অনুযায়ী পথ খুঁজে নেয়। যেখানে বৃষ্টিপাত কম হয় বা পৃষ্ঠজল সহজেই দূষিত হয়ে পড়ে, সেখানে মানুষ ভূগর্ভস্থ পানির উৎস ব্যবহার করে থাকে। এই ভূগর্ভস্থ পানি শুষ্ক মৌসুমে নদী ও ঝরনাকে সচল রাখে এবং প্রাকৃতিকভাবে, যদিও অসম্পূর্ণভাবে, বিভিন্ন দূষিত উপাদান ছেকে ফেলার কাজ করে।

তবে এই অদৃশ্য পানির ভাণ্ডার নজরে রাখা সহজ নয়। যখন নলকূপ শুকিয়ে যেতে থাকে, অথবা শুরু থেকেই পানি না পাওয়া যায়, তখন স্থানীয় ভূতত্ত্ব ও জলবায়ুর বিশ্লেষণ করে বুঝতে হয়—আর কতটা পানি অবশিষ্ট আছে এবং ভবিষ্যতের জন্য কীভাবে পরিকল্পনা করা দরকার।

## Water above, water below

Humans are resourceful. Where precipitation is scarce or surface water is easily polluted, we tap into underground stores of water. Subterranean water stores keep rivers and springs flowing through dry periods, and act as natural, though imperfect, filters to trap impurities.

Keeping an eye on this hidden resource isn't simple. When boreholes begin to run dry, or produce no water in the first place, we have to use the local geology and climate to work out how much water is left, and how to plan for the future.




## তলানিতে পৌঁছানোর প্রবণতা

ভূগর্ভস্থ পানি নবায়নযোগ্য একটি সম্পদ হলেও, যদি তা খুব দ্রুত ও অতিমাত্রায় উত্তোলন করা হয়, তবে সেটি শেষ হয়ে যায় এবং পুনরায় পূরণ হতে মাস, এমনকি বছর লেগে যেতে পারে। শহরায়নের ফলে ভূগর্ভস্থ পানির পুনরারম্ভের হার কমে যায়—অবকাঠামো ও রাস্তা বর্ষার পানি সরাসরি নদীতে প্রবাহিত করে দেয়, ফলে মাটির ভেতরে পানি ঢোকার পরিমাণ কমে যায়। যখন ভূগর্ভস্থ পানি শুকিয়ে যায়, তখন নলকূপ ও কূপগুলো অকার্যকর হয়ে পড়ে এবং যেসব নদীর উৎস ভূগর্ভস্থ পানি, সেগুলোর পানিপ্রবাহ কমে যায় বা পুরোপুরি বন্ধ হয়ে যায়। ভূগর্ভস্থ পানির অভাবে মাটির নিচের সিক্ত মাটি ও শিলাস্তর সঙ্কুচিত হয়ে ধসে পড়ে, ফলে ভূমিধসের আশঙ্কা তৈরি হয়। আর উপকূলীয় এলাকায় নলকূপের টান ভারসাম্য নষ্ট করে লবণাক্ত পানি ভূগর্ভস্থ স্বাদু পানির স্তরে ঢুকে পড়ে, যা পানির উৎসকে আরও বিপজ্জনক করে তোলে।

## A race to the bottom


Groundwater is a renewable resource, but remove too much, too quickly and the water is gone until it fills up again over several months or even years. Urban developments can slow the recharge of groundwater: buildings and roads funnel water to streams and reduce the volume of water percolating into the ground. As groundwater dries up, boreholes and wells are left high and dry and rivers that are fed from groundwater lose volume or even dry up. When groundwater is lost, the water-soaked soil and rocks beneath our feet can also shrink and collapse, causing land subsidence, and in coastal areas of the world, the sucking action of boreholes can contaminate freshwater supplies by pulling salt water into the fresh groundwater.



ব্যক্তি, স্থানীয় জনগোষ্ঠী, শিল্পপ্রতিষ্ঠান বা বেসরকারি কোম্পানি - যে কেউ টিউবওয়েল খনন করতে পারে। অনেক অঞ্চলে এই ব্যবস্থার নিয়ন্ত্রণ খুব দুর্বল। অতিরিক্ত উত্তোলনের বিরুদ্ধে কার্যকর সুরক্ষা না থাকায়, ভূগর্ভস্থ পানির স্তর নামতে শুরু করলেই সরকারি ও বেসরকারি সব ব্যবহারকারীই এক ধরনের অস্থিতিশীল পানির দখল প্রতিযোগিতায় জড়িয়ে পড়ে।

Boreholes can be dug by individuals and communities or industries and private companies. In many places their use is poorly regulated. There is no guard against over abstraction and so borehole users, public and private alike, are pushed into an unsustainable water grab when the groundwaters start to recede.

- 1 চিরাচরিত কুপগুলো সাধারণত প্রশস্ত ও অগভীর হয় এবং হাত দিয়ে খনন করা যায়। পানির স্তর নিচে নেমে গেলে এগুলোই সবার আগে শুকিয়ে পড়ে।  
এই কুপগুলো ঢেকে রাখলে এবং হস্তচালিত পাম্প স্থাপন করলে পানির মান সুরক্ষিত রাখা যায়।
- 2 টিউবওয়েল মূলত আলগা মাটি ও পলিমাটিতে খনন করা হয়। এগুলো সাধারণত অগভীর এবং হস্তচালিত পাম্প দিয়ে পরিচালিত হয়।
- 3 অগভীর টিউবওয়েল খনন খরচে কম হলেও ভূগর্ভস্থ পানির স্তর কমে গেলে দ্রুত শুকিয়ে যায়। অন্যদিকে গভীর টিউবওয়েল তুলনামূলকভাবে স্থিতিশীল হলেও খরচ বেশি।  
শিল্পপ্রতিষ্ঠান ও বেসরকারি কোম্পানিগুলো প্রভাবশালী ও সম্পদশালী হওয়ায় তারা সহজেই গভীর টিউবওয়েল খনন করে শক্তিশালী মোটর দিয়ে পানি উত্তোলন করতে পারে। মোটরচালিত পাম্প ব্যবহার করলে পানি উত্তোলনের পরিমাণ অনেক বেড়ে যায়।



ব্লু নাইল মালভূমিতে বৃষ্টির পানি মাটিতে পড়ে এবং ধীরে ধীরে মাটির নিচে প্রবাহিত হয়ে ব্যাসাল্ট শিলাস্তরের ফাটলের মধ্য দিয়ে অগ্রসর হয়। এই পানি ব্যাসাল্ট শিলার ভেতর দিয়ে প্রবাহিত হয়ে আদিস আবাবা ও অন্যান্য জনবসতির দিকে এগোয় এবং উচ্চভূমি অঞ্চল থেকে দূরে সরে যায়।

ইথিওপিয়ার রাজধানী আদিস আবাবা অবস্থিত আওয়াশ নদীর উপনদীগুলোর তীরে। তবে এই নদীর পাঁচ মিলিয়নেরও বেশি জনসংখ্যার এই শহরের পানির চাহিদা মেটানোর মতো সক্ষমতা নেই। এর পরিবর্তে শহরটির প্রায় দুই-তৃতীয়াংশ পানি আসে নিচে অবস্থিত ভূগর্ভস্থ জলাধার থেকে। আদিস আবাবায় তীব্র পানি সংকট বিরাজমান এবং সাপ্তাহিক ভিত্তিতে পানি সরবরাহ বিঘ্নিত হয়। ধনী বাসিন্দাদের পানি সংরক্ষণের জন্য জায়গা বা ট্যাংক কেনার সামর্থ্য আছে। কিন্তু দরিদ্র মানুষদের অনেক সময় পানি ছাড়া দিন কাটাতে হয়।

আদিস আবাবার বাইরের গ্রামগুলোর বাসিন্দারা পান করার জন্য, পরিষ্কার-পরিচ্ছন্নতার কাজে এবং গবাদিপশুকে পানি দেওয়ার জন্য মূলত অগভীর কূপ, পুকুর এবং আকাকি নদীর ওপর নির্ভর করেন। তবে আকাকি নদী শহরে ও শিল্পবর্জ্য মারাত্মকভাবে দূষিত, আর পুকুরের পানি সাধারণত স্থির থাকে, যা এসব মানুষের জন্য পানি-জনিত রোগের বড় ঝুঁকি তৈরি করে। যেসব এলাকায় টিউবওয়েল রয়েছে, সেগুলোর অনেকগুলোই রক্ষণাবেক্ষণের অভাব অথবা বিদ্যুৎ সংকটের কারণে অকার্যকর হয়ে পড়ে থাকে।

আওয়াশ অববাহিকার আরও নিচের দিকে একটি ব্যাপক ছড়ানো জলাভূমি অঞ্চলে নদীর পানি প্রবাহিত হয় এবং এই জলাভূমি সচরাচর শুকিয়ে যায় না। এই জলাভূমি খরা ও শুষ্ক মৌসুমে যাবাবর গবাদিপশুপালকদের জন্য অত্যাবশ্যক চারণভূমি ও পানির উৎস হিসেবে কাজ করে।



পানির নিরাপত্তা ব্যবস্থাপনা মানে হলো স্বচ্ছ পানি এবং লবণাক্ত পানি মিশে না যাওয়ার ব্যবস্থা করা, যাতে মানুষেরপানের জন্য, কৃষি কাজের জন্য এবং গবাদি পশু পালনের জন্য স্বচ্ছ পানি ব্যবহার করা যায়। এর পাশাপাশি, ঘূর্ণিঝড় এবং পরিবর্তিত জলবায়ুর কারণে যে সকল ঝুঁকিগুলো তৈরি হয়, সেগুলোরও সঠিক ব্যবস্থাপনার প্রয়োজন।

## উপকূলীয় অঞ্চলের পানির নিরাপত্তা

বাংলাদেশের উপকূলীয় অঞ্চলে পানি সুরক্ষা ব্যবস্থাপনা আরও কঠিন। জোয়ার-ভাটার প্লাবন ভূমিগুলিকে পোল্ডারে রূপান্তরিত করা হয়েছে, যার কিনারায় উঁচু ঢাল বা বাঁধ তৈরি করা হয়েছে যাতে বন্যা এবং ঝড়ের ঢেউ থেকে জমি রক্ষা করা যায়।। এর ফলে কৃষিকাজের জন্য জমি তৈরি হয়েছে। কিন্তু নিয়মিত বন্যা না হলে বন্যার পানি থেকে নতুন পলি জমা হচ্ছে না, অন্যদিকে অনেক জায়গায় জমি ডুবে যাচ্ছে।।


উপকূলীয় অঞ্চলের অধিকাংশ পানি লবণাক্ত। সমুদ্রের পানি জোয়ারের কারণে ভূপৃষ্ঠের জলস্তর বৃদ্ধি পায়। ভূগর্ভস্থ পানি লবণাক্ত থাকে এবং ঝড়ের তীব্রতা বৃদ্ধি পেলে তা আরও লবণাক্ত হয়ে ওঠে। মিষ্টি পানি খুঁজে পাওয়া কঠিন।

## Water security for coastal areas

In the coastal zone of Bangladesh, managing water security has extra challenges. Tidal floodplains have been developed into polders, with raised areas or embankments around the edges to protect land from flooding and from storm surges. This has provided land for agriculture. But without the regular flooding, there are no new sediments being deposited from flood waters, while the land is sinking in many places.

Much of the water in the coastal zone is salty. Surface water levels are driven by the tides bringing in sea water. Groundwater is saline and becomes more salty when storm surges spread over the land. Finding fresh water is difficult.





যেসব এলাকায় স্বচ্ছ ভূগর্ভস্থ পানি কম, সেসব এলাকায় মানুষ পানের জন্য বৃষ্টির এবং ভূপৃষ্ঠের পানি ব্যবহার করে।

## বিশুদ্ধ পানি খুঁজে পাওয়া

বিশুদ্ধ পানির দুটি প্রধান উৎস হলো ভূগর্ভস্থ পানি এবং বৃষ্টির পানি। বৃষ্টির পানি সংগ্রহ করে ট্যাঙ্কে সংরক্ষণ করা হয় এবং এটি শেষ না হওয়া পর্যন্ত ব্যবহার করা হয়।

ভূগর্ভস্থ পানির গুণাগুণ গভীরতার উপর নির্ভর করে পরিবর্তিত হয়। উপকূলীয় অঞ্চলে, ভূপৃষ্ঠের কাছাকাছি ভূগর্ভস্থ পানিতে আর্সেনিক এবং লবণাক্ততা বেশি দেখা যায়। গভীর পানির স্তর সাধারণত উন্নত মানের পানি ধারণ করে, তবে সব অঞ্চলে গভীর স্তরের পানি থাকে না।

বিশুদ্ধ এবং নিরাপদ পানের পানি সরবরাহের জন্য প্রয়োজনীয় পানির ব্যবস্থাগুলো উপকূলীয় অঞ্চলভেদে পরিবর্তিত হয়।

## Finding fresh water

The two main sources of fresh water are groundwater and rainwater. Rainwater is collected and stored in tanks, and used until it runs out.

The quality of groundwater changes based on depth. In the coastal areas, arsenic and salinity are more common in groundwater closer to the surface. Deeper aquifers usually hold better quality water but not all areas have access to deeper aquifers.

The types of water systems needed to provide access to reliable and safe drinking water vary across the coastal area.



বুয়েটের দলটি গবেষণার কাজে নদীর প্রবাহ ও গতি পরিমাপ করতে এবং নদী থেকে পলির নমুনা সংগ্রহ করতে এই নৌকাটি ব্যবহার করেছে। এটি উপকূলীয় অঞ্চলে নদীগুলিকে পলি জমার আরও ভাল উপায়গুলি সনাক্ত করতে সহায়তা করেছে। ছবির কৃতিত্ব: বুয়েট।



ভবদাহ অঞ্চলে জলাবদ্ধতা। নদীর তলদেশে পলি জমার কারণে বাংলাদেশের উপকূলীয় ১৩ লক্ষ মানুষ পোল্ডারে জলাবদ্ধতার শিকার হচ্ছে। (ছবির কৃতিত্ব: বুয়েট)



## নদীগুলোতে পলি জমে কেন?

আমাদের উপকূলীয় নদীগুলির জলে পলিমাটির প্রবাহ কত এবং কত দ্রুত হয় তা সমুদ্র জোয়ারের দ্বারা প্রভাবিত হয় এবং নদীগুলি কীভাবে উজানে ব্যবহার এবং ব্যবস্থাপনা করা হচ্ছে তার উপর নির্ভর করে। জোয়ারের সময় সমুদ্রের দিক থেকে পলিমাটি দক্ষিণ-পশ্চিম অঞ্চলের উপকূলীয় নদীগুলিতে প্রবেশ করে এবং ভাটার সময় সমুদ্রে ফিরে যায়। বর্ষাকালে, পানি পলিতে পূর্ণ থাকে যা বেশিরভাগই উচ্চ স্বাদু পানির প্রবাহের সাথে সমুদ্রে ভেসে যায়। কিন্তু শুষ্ক মৌসুমে, যখন পানির প্রবাহ কম থাকে, তখন পানি থেকে নদীর তলদেশে আরও পলি পড়ে। নদীর নালাগুলি অগভীর হয়ে যায়, তাই বৃষ্টির পানি পোল্ডারের ভিতরে জমি প্লাবিত করে এবং শুকিয়ে যাওয়ার পরিবর্তে দীর্ঘ সময় ধরে দাঁড়িয়ে থাকে, যা ফসল এবং পানি সরবরাহের ক্ষতিকর।

## Why are rivers silting up?

How much and how fast silty sediment flows in the waters of our coastal rivers is affected by sea tides, and by how the rivers are being used and managed upstream. Sediments enter the coastal rivers of the southwest region from the direction of sea during high tide ('Joar') and are flushed back to sea during low tide ('Bhata'). In the monsoon, the water is full of sediments which mostly wash out to sea with the high freshwater flow. But in the dry season, when water flow is low, more silt drops out of the water onto the bottom of the river. The river channels get shallower, so rainwater floods the land inside the polder and stands for longer instead of draining away, damaging crops and water supplies.





২০২০ সালে ঘূর্ণিঝড় আম্ফান (উপরে) এবং ২০২১ সালে ঘূর্ণিঝড় ইয়াস (নিম্নে) এর সময় বাঁধের বিশাল অংশ ক্ষতিগ্রস্ত হয়েছিল, যার ফলে কয়েক কিলোমিটার বাঁধ ধসে পড়ে এবং ভেঙে যায় এবং শত শত কিলোমিটার বাঁধ মেরামত করতে হয়েছিল।

## পানির নিরাপত্তা বজায় রাখা


বড় ঝড়ের সময় সমুদ্রের পানি ভূমিতে ধাক্কা খেয়ে জোয়ারের প্লাবনভূমিকে রক্ষা করার জন্য পোল্ডার বাঁধ তৈরি করা হয়। বাংলাদেশে, ১৯৬০ সাল থেকে পোল্ডার তৈরি করে। সঠিকভাবে রক্ষণাবেক্ষণ না করা হলে বাঁধের কাঠামোগত দুর্বলতা দেখা দিতে পারে বা ডুবে যেতে পারে, যার ফলে জমি বন্যার ঝুঁকিতে পড়ে। সাম্প্রতিক বছরগুলিতে, শক্তিশালী ঘূর্ণিঝড় আম্ফান এবং দুর্বল ঘূর্ণিঝড় ইয়াসের সময় বেশ কয়েকটি জেলায় বেড়িবাঁধ উপচে বা ফেটে গিয়েছিল।

সকল পানির অবকাঠামোর নিয়মিত রক্ষণাবেক্ষণ প্রয়োজন যাতে এটি কার্যকর থাকে, জল সুরক্ষায় অবদান রাখতে পারে এবং জলবায়ু পরিবর্তনের সাথে খাপ খাইয়ে নিতে জনসাধারণকে সহায়তা করতে পারে।

## Maintaining water security

Polder embankments are designed to protect tidal floodplains from the sea water being pushed onto land during big storms. In Bangladesh, polders have been built since the 1960s. If they aren't maintained properly the embankment may have structural weaknesses or may sink, placing the land at risk of flooding. In recent years, embankments were overtopped or breached in several districts during a strong cyclone, Amphan, as well as a weak cyclone, Yaas.

All water infrastructure needs regular maintenance to ensure that it works, that it continues to contribute to water security and helps communities adapt to climate change.



খুলনা জেলার একটি 'ওয়াটার ডাইরি' সমীক্ষার উপর ভিত্তি করে, এই চার্টটি দেখায় যে কীভাবে ১২০টি পরিবার সারা বছর ধরে বিভিন্ন সময় পানির উৎস পরিবর্তন করেছে। পরিবারগুলি পানীয়, রান্না, ধোয়া এবং অন্যান্য ব্যবহারের জন্য একাধিক পানির উৎস ব্যবহার করে। বাংলাদেশে বর্ষা মৌসুমে (জুন থেকে অক্টোবর) এর মধ্ বৃষ্টির পানির ব্যবহার তীব্রভাবে বৃদ্ধি পায়। বিক্রেতাদের কাছ থেকে ৩০ লিটারের পাত্রের জন্য ৩০-৪০ টাকা খরচ হয়, অন্য উৎসগুলি বিনামূল্যে।

## আপনি আজ কোথা থেকে পানি সংগ্রহ করেছেন?

পরিষ্কার? সহজলভ্য? সস্তা? আমরা আমাদের চাহিদার জন্য সর্বোত্তম পানির উৎস বেছে নিই। এটি মূলত অবস্থান এবং বছরের সময়ের উপর নির্ভর করে পরিবর্তিত হয়।


যদি ভূগর্ভস্থ পানির মান ভালো হয়, তাহলে গভীর টিউবওয়েল দ্বারা খাবার এবং ব্যবহারের জন্য সারা বছর মিঠা পানি পাওয়া যায়। কিন্তু অনেক উপকুলিও অঞ্চলের ভূগর্ভস্থ পানি লবণাক্ত - তাই টিউবওয়েলের পানি পান করার উপযুক্ত নয়। খাবার পানির জন্য, মানুষ বর্ষার সময় বৃষ্টির পানি সংগ্রহ করে। তবে পর্যাপ্ত বৃষ্টির পানি সংরক্ষণ না করতে পারলে শুষ্ক মৌসুমে অধিক দামে পানি কিনে খেতে বাধ্য হয় অনেকেই।

পুকুরের পানি এবং লবণাক্ত পানি ধোয়া-মোছার এবং রান্নার জন্য ব্যবহৃত হয়।

## Where did you get your water from today?

Clean? Easy? Cheap? We choose the best source of water for our needs that we can. That changes mostly depending on location and the time of year.

Deep tubewells provide year-round water in areas with fresh groundwater. But in areas with saltier groundwater, tubewells provide salty water that isn't good for drinking. For drinking water, people collect and store rainwater, if it rains and if they can harvest and store enough for their needs. Otherwise they turn to vendors, whose prices rise during dry seasons. Pond water and salty water is used for washing and cooking.



গ্রাম, শহর কিংবা মাঝামাঝি এলাকায়—কেনিয়ার লোদওয়ার অঞ্চলে নারীরা পুরুষদের তুলনায় পরিবারের জন্য বহু গুণ বেশি সময় ব্যয় করেন পানি সংগ্রহে।

সময় ব্যবহারের ওপর করা এই ধরনের জরিপ, সঙ্গে পরিবারের ও সমাজের সিদ্ধান্ত গ্রহণে কারা ভূমিকা রাখে—এই তথ্যগুলো আমাদের নারী ও পুরুষের ক্ষমতায়নের পার্থক্য বুঝতে সহায়তা করে।

## নারীর কাঁধে পানির ভার

পানি নিরাপত্তাহীনতার সবচেয়ে বড় মূল্য অনেক সময় নারীদেরই দিতে হয়, নিজের পরিবারের ভেতরে। অনেক সংস্কৃতিতে নারীরাই পানি সংগ্রহ ও বহনের দায়িত্বে থাকে, রান্না, পরিষ্কার-পরিচ্ছন্নতা, শিশু, বয়স্ক সদস্য ও প্রাণীর যত্ন—সবকিছুতেই তারা প্রধান ভূমিকা পালন করে। পানি সংকট দেখা দিলে পরিবারের মধ্যে তারাই প্রথম তৃষ্ণার্ত অবস্থায় থাকে।


নারীরা প্রায়শই এমন পরিস্থিতিতে পানিসংক্রান্ত সিদ্ধান্ত ও কাজের বোঝা বহন করে, যা তাদের নিয়ন্ত্রণের বাইরে।

সুশৃঙ্খল পানি ব্যবস্থাপনা নারীদের হাতে আবার সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা ফিরিয়ে দিতে পারে এবং পুরো পরিবারের জীবনমান উন্নয়নে সহায়ক হতে পারে।

## Women's work

Women often pay a high price for water insecurity in their own households. In many cultures, they collect and carry water, cook, clean, and ensure the hygiene and health of children, older relatives, and animals. They are often the first to go thirsty in the family when water is scarce.

Women carry the burden of water-related decisions and tasks, often in situations beyond their control. Good water management systems can give back women the power of choice, and improve quality of life for everyone.



বাংলাদেশে প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে খাবার পানির সেবা।

উৎস: WHO/UNICEF JMP


## শুধুমাত্র বাড়িতেই পানি নয়

আমরা যেখানেই সময় কাটাই না কেন, আমাদের খাবার পানির সরবরাহ এবং নিরাপদতা প্রয়োজন। স্কুলগুলিতে, নিরাপদ পানি শিক্ষার্থী এবং শিক্ষকদের হাইড্রেটেড এবং পরিচ্ছন্ন রাখতে সাহায্য করে। স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলিতে, রোগী এবং তাদের যত্নশীলদের হাইড্রেটেড, স্বাস্থ্যকর এবং ওষুধ গ্রহণে সক্ষম রাখার জন্য নিরাপদ পানি অত্যন্ত গুরুত্বপূর্ণ। বাংলাদেশের স্কুল এবং স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলিতে পানির প্রাপ্যতা গত দশকে উন্নত হয়েছে। কিন্তু এখনও তাদের সকলের প্রাপ্তগে নিরাপদ পানির ব্যবস্থা নেই। খুলনা জেলায় ২০২৪ সালের একটি জরিপে দেখা গেছে যে ১৫% স্কুলে প্রাপ্তগে কোনও খাবার পানির উৎস নেই।

## Not just water at home

We need drinking water to be available and safe wherever we spend time. In schools, safe water helps students and teachers stay hydrated and clean. At healthcare centres, safe water is vital to keep patients and their carers hydrated, hygienic, and able to take medicines. Access to water at schools and healthcare centres in Bangladesh has been improving over the past decade. But they still don't all have access to safe drinking water on premises. A 2024 survey in Khulna district found that 15% of schools do not have any drinking water source on premises.

পৃথিবীর বিভিন্ন অঞ্চলে কত শতাংশ জনসংখ্যামলের দূষণ (*E. coli*) মুক্ত পানি পায়?



বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং UNICEF-এর ২০১৯ সালের একটি জাতীয় জরিপে জানা গেছে যে, মাত্র ৬০% মানুষ এমন পানি ব্যবহার করতে পারে যা ব্যাকটেরিয়া মুক্ত।

উৎস: বাংলাদেশ MICS ২০১৮-২০১৯: পানি মানের থিম্যাটিক রিপোর্ট

## এটি পান করার জন্য নিরাপদ কি না?

বাংলাদেশের ৯৯% এরও বেশি মানুষ টিউবওয়েল, বৃষ্টির পানি বা পানির পাইপের মতো উন্নত উৎস থেকে তাদের খাবার পানির লাভ করেন। কিন্তু উন্নত উৎস নিশ্চিত করে না যে এটি পান করার জন্য নিরাপদ। মানুষ বা পশুর মলের ব্যাকটেরিয়া দূষণের ফলে ডায়রিয়াজনিত রোগের সম্ভাব্য মারাত্মক রোগ ছড়িয়ে পড়তে পারে। বর্ষাকালে মাটি থেকে দূষণ ধুয়ে যাওয়ার ফলে উন্নত পানির উৎসগুলোও দূষিত হতে পারে।

## Is it safe to drink?

Over 99% of people in Bangladesh get their drinking water from improved water systems like tubewells, rainwater systems or water pipes. But that doesn't guarantee that it is safe to drink. Contamination with bacteria from human or animal faeces can lead to the spread of potentially deadly diseases that cause diarrhoeal diseases. The number of water systems that are contaminated increases during the monsoon as pollution washes off the land.



বাংলাদেশে সেফপানি প্রোগ্রাম পেশাদার সেবা প্রদানকারীদের মাধ্যমে অবকাঠামোর রক্ষণাবেক্ষণ করে এবং স্কুল ও স্বাস্থ্যকেন্দ্রে পানি সরবরাহ নিরাপদ ও নিরবচ্ছিন্ন রাখে।

